রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৭ সনের ৩৮ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২১, ২০১৭

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৬৬৯—৬৮৫ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৩৬৯—১৪০০ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২১১—২১৪ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকরি কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১০৬৯—১১০৬ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৪১ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) . . . . . . ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলীসম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**বিএসইসি ও বিআইসিএম শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৩ ভাদ্র ১৪২৪/২৮ আগস্ট ২০১৭

**নং ৫৩.০০.০০০০.৪২১.৩৫.০০১.১৭-২০৬**—পুঁজিবাজারে ভাল সিকিউরিটিজের সরবরাহ বৃদ্ধির উদ্দেশ্যে শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন ৫টি কোম্পানিকে মুনাফাজনক করার লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়নের বিষয়ে সুপারিশ প্রদানের জন্য নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে সরকার কর্তৃক একটি কমিটি গঠন করা হলো:

**আহ্বায়ক**

১. অতিরিক্ত সচিব, শিল্প মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২. অর্থ বিভাগের একজন যুগ্ম সচিব

৩. জনাব মোঃ নাসির উদ্দিন আহমেদ, যুগ্মসচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

৪. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের একজন নির্বাহী পরিচালক

৫. ব্যবস্থাপনা পরিচালক, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

- এ কমিটিকে সার্বিক সহায়তা প্রদানের জন্য শিল্প মন্ত্রণালয় সাচিবিক দায়িত্ব পালন করবে;
- কমিটি আগামী ৬ মাসের মধ্যে সুপারিশসহ প্রতিবেদন আর্থিক প্রতিষ্ঠান বিভাগে দাখিল করবে;
- কমিটির সুপারিশমতে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে;
- কমিটির আহবায়ক তাঁর সুবিধাজনক তারিখ ও সময়ে সভা আহ্বান করবেন।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**নং ৫৩.০০.০০০০.৪২১.৩৫.০০১.১৭-২০৭**—পুঁজিবাজারে ভাল সিকিউরিটিজের সরবরাহ বৃদ্ধির উদ্দেশ্যে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন ২টি কোম্পানিকে লাভজনক পর্যায়ে উন্নীতকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগের কার্যক্রম মনিটর করার জন্য নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে সরকার কর্তৃক একটি কমিটি গঠন করা হলো:

**আহ্বায়ক**

১. জনাব মোহাম্মদ মুসলিম চৌধুরী, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ

**সদস্যবৃন্দ**

২. ডাক ও টেলিযোগাযোগ বিভাগের একজন যুগ্ম সচিব

৩. জনাব মোঃ নসির উদ্দিন আহমেদ, যুগ্মসচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

৪. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের একজন নির্বাহী পরিচালক

৫. ব্যবস্থাপনা পরিচালক, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

- কমিটি প্রয়োজনে কোন সদস্য কো-অপ্ট করতে পারবে;
- কমিটি প্রতি দুইমাসে কমপক্ষে একবার বৈঠকে বসবে;
- এ কমিটিকে সার্বিক সহায়তা প্রদানের জন্য ডাক ও টেলিযোগাযোগ বিভাগ সাচিবিক দায়িত্ব পালন করবে;
- কমিটির আহ্বায়ক তাঁর সুবিধাজনক তারিখ ও সময়ে সভা আহ্বান করবেন।

**নং ৫৩.০০.০০০০.৪২১.৩৫.০০১.১৭-২০৮**—পুঁজিবাজারে ভাল সিকিউরিটিজের সরবরাহ বৃদ্ধির উদ্দেশ্যে জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন ৯টি এবং বিদ্যুৎ বিভাগের আওতাধীন ৪টি, মোট ১৩টি কোম্পানিকে লাভজনক পর্যায়ে উন্নীতকরণের লক্ষ্যে তাদের কার্যক্রম মনিটর করার জন্য নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে সরকার কর্তৃক একটি কমিটি গঠন করা হলো:

**আহ্বায়ক**

১. জনাব মোহাম্মদ মুসলিম চৌধুরী, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ

**সদস্যবৃন্দ**

২. জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের একজন যুগ্ম সচিব

৩. বিদ্যুৎ বিভাগের একজন যুগ্মসচিব

৪. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের একজন নির্বাহী পরিচালক

**সদস্য-সচিব**

৫. জনাব মোঃ নাসির উদ্দিন আহমেদ, যুগ্মসচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

- কমিটি প্রয়োজনে অতিরিক্ত সদস্য কো-অপ্ট করতে পারবে;
- কমিটি প্রতি দুইমাসে কমপক্ষে একবার বৈঠকে বসবে;
- সংশ্লিষ্ট বিভাগ প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সরবরাহ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ সিদ্দিকুর রহমান**
সহকারী সচিব।

**বীমা অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২২ আগস্ট ২০১৭

**নং ৫৩.০০.০০০০.৪১১.১১.০০১.১৭-৩০৫**—বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এর ৫(২) ধারা অনুযায়ী অবসরপ্রাপ্ত সচিব জনাব মোঃ শফিকুর রহমান পাটোয়ারী, বাড়ী নং-৮/এ/খ, বসতী ক্যাসেল, ফ্ল্যাট বি-১১, রোড নং-১৪ (নতুন), ধানমন্ডি, ঢাকাকে অন্যান্য সকল প্রতিষ্ঠান ও সংগঠনের সাথে কর্ম-সম্পর্ক পরিত্যাগের শর্তে যোগদানের তারিখ থেকে পরবর্তী ৩(তিন) বছর মেয়াদে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যান পদে নিয়োগ প্রদান করা হলো।

২। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এর ধারা ১২ অনুযায়ী বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যানের পারিশ্রমিক, ভাতা ও অন্যান্য শর্তাদি সরকার কর্তৃক স্থিরীকৃত হবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ইউনুসুর রহমান**
সিনিয়র সচিব।

---

**বিচার শাখা-৭**

**আইন ও বিচার বিভাগ**

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আদেশাবলী**

তারিখ, ২১ আগস্ট ২০১৭

**নং বিচার-৭/২এন-২০/৭৬-৭০৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সালের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে মোঃ আজিজুর রহমান, পিতা-মোঃ হানিফ, মাতা-কোহিনুর বেগম, সেকশন-১১, ব্লক-সি, এভিনিউ-৫, লেন-২১, বাড়ী-২৫৯, মিরপুর, পল্লবী, ঢাকা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৩নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭(সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-৬৫/৭৯(অংশ-১)-৭১০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সালের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ হাবিবুর রহমান, পিতা-মোঃ আঃ কাদির, মাতা-মোসাঃ ফুলেছা বেগম, গ্রাম-খালপাড়, ডাকঘর-পাঁচদোনা, উপজেলা-নরসিংদী সদর, জেলা-নরসিংদী। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নরসিংদী

জেলার সদর উপজেলার মেহেরপাড়া ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭(সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জি, এম, নাজমুছ শাহাদাৎ**
সিনিয়র সহকারী সচিব।

---

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**
**অডিট শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৬ ভাদ্র ১৪২৪/২১ আগস্ট ২০১৭

নং **৪১.০০.০০০০.০২৫.০১.০৩৩.১৭.৪২**—সমাজকল্যাণ মন্ত্রণালয় ও এর অধীন সমাজসেবা অধিদফতর, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ এবং জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এর বিভিন্ন পর্যায়ে পুজিভুত অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নবর্ণিত কর্মর্তাদের সমন্বয়ে ত্রিপক্ষীয় অডিট কমিটি গঠন করা হলো:

**আহ্বায়ক**

(১) অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (প্রশাসন), সমাজকল্যাণ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) উপ-সচিব (প্রশাসন-১), সমাজ কল্যাণ মন্ত্রণালয়

(৩) সংশ্লিষ্ট অধিদপ্তর/দপ্তর/সংস্থা/প্রকল্প এর প্রতিনিধি

(৪) সংশ্লিষ্ট অডিট অধিদপ্তর এর প্রতিনিধি

(৫) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সমাজ কল্যাণ মন্ত্রণালয়

(৬) হিসাব রক্ষণ কর্মকর্তা, সমাজ কল্যাণ মন্ত্রণালয়

**সদস্য-সচিব**

(৭) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (অডিট), সমাজকল্যাণ মন্ত্রণালয়

**কমিটির কার্যপরিধি:**

(ক) অডিট অধিদপ্তর, সমাজ কল্যাণ মন্ত্রণালয় ও এর অধীন দপ্তর, সংস্থা ও প্রকল্প পরিচালক এর সাথে অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে সমন্বয় সাধন:

(খ) গুরুতর আর্থিক অনিয়মের অগ্রিম অনুচ্ছেদসমূহের ওপর অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তিকল্পে সুপারিশ প্রণয়ন;

(গ) অডিট আপত্তিসমূহ নিষ্পত্তিকরণের লক্ষ্যে প্রয়োজনে সরেজমিনে সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং এর অধীন দপ্তর, সংস্থা ও প্রকল্প পরিদর্শন;

(ঘ) সময়মত গুরুতর আর্থিক অনিয়মের অগ্রিম অনুচ্ছেদ-সমূহের অডিট আপত্তির জবাব প্রেরণ না করার জন্য দায়ী ব্যক্তি/ব্যক্তিগণকে সনাক্তকরণ ও তাদের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ প্রদান;

(ঙ) কমিটি বছরে কমপক্ষে চারটি সভা করবে।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোহাম্মদ হোসেন**
সহকারী সচিব (বাজেট)।

---

**প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়**
**প্রশাসন অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ আগস্ট ২০১৭

নং **৪৯.০০.০০০০.০১৫.৩৩.০১২.১৭.৯১২**—প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২৪ জুলাই ২০১৭ তারিখের ০৩.৩৫.০০০০.০৭২.০৬.০০১.১৭.১২০ নং পত্রের আলোকে সৌদি আরবসহ জিসিসি দেশসমূহে কর্মসংস্থান সৃষ্টির বিষয়ে মুখ্য সমন্বয়ক (এসডিজি) জনাব মোঃ আবুল কালাম আজাদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত-১ অনুযায়ী সৌদিসহ জিসিসি দেশসমূহে স্বল্প সময়ের মধ্যে এক লক্ষ গাড়ী চালকের প্রশিক্ষণ, লাইসেন্স প্রদান ও কর্মসংস্থানের সুযোগ গ্রহণের নিমিত্ত প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)-কে আহ্বায়ক করে নিম্নরূপ টাস্কফোর্স গঠন করা হলো :

**আহ্বায়ক**

১ অতিরিক্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২ যুগ্মসচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

৩ পরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

৪ পরিচালক, বিআরটিএ

৫ পরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয়

**সদস্য-সচিব**

৬ পরিচালক, বিআরটিসি

**সদস্য**

৭ SEIP প্রকল্পের একজন প্রতিনিধি

**কমিটির কার্যপরিধি:**

(ক) সৌদি আরবে এক লক্ষ গাড়ী চালক প্রেরণের লক্ষ্যে কর্মপরিকল্পনা নির্ধারণ ও বাস্তবায়ন করা;

(খ) অন্যান্য সরকারি প্রতিষ্ঠানের সাথে সমন্বয় সাধনের রূপরেখা প্রণয়ন;

(গ) সংশ্লিষ্ট বেসরকারি প্রতিষ্ঠানকে সম্পৃক্ত করতে সুপারিশ প্রদান;

(ঘ) প্রয়োজনে অন্য কর্মকর্তাকে কমিটিতে কো-অপ্ট করা যাবে।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসরীন মুক্তি**
উপসচিব (প্রশাসন)।

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**(পৌর-১ শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১০ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৬.১৭-১০৪৫**—যেহেতু, জনাব মোঃ আব্দুল্লাহীল কাফী (পিতা-মোঃ মাইনুদ্দীন, গ্রাম-সেরাপাড়া, হোল্ডিং নং-১৪৪, ডাকঘর-কাকনহাট, উপজেলা-গোদাগাড়ী, জেলা-রাজশাহী) কাকনহাট পৌরসভার ৩নং ওয়ার্ড কাউন্সিলর; এবং

যেহেতু, জনাব মোঃ আব্দুল্লাহীল কাফী সহ ১৮ জনকে আসামী করে গোদাগাড়ী মডেল থানায় ফৌজদারী মামলা নং-২৯, তারিখ: ২৪-০৬-২০১৭, ধারা-আইনশৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার আইন)-২০০২ (সংশোধনী/২০১৪-এর ৪/৫ দায়ের করা হয়েছে; এবং

যেহেতু, বর্ণিত মামলার বিবরণ অনুযায়ী গত ২৪-০৬-২০১৭ তারিখ আনুমানিক সকাল ১০:৩০ টায় কাকনহাট পৌরসভার অডিটরিয়াম হলে ভিজিএফ এর গম বিতরণের সময় জনাব মোঃ আব্দুল্লাহীল কাফী সহ অন্যান্য আসামীগণ লাঠিসোটা, লোহার রড এবং দেশীয় অস্ত্র শস্ত্রে সজ্জিত হয়ে গম বিতরণকারী কর্মকর্তা-কর্মচারীদের বাঁধা প্রদান করে এবং শক্তির মহড়া দেখিয়ে ত্রাস সৃষ্টি করে জনমনে ভীতির সৃষ্টি করে। কর্মকর্তা-কর্মচারীদের উপর হামলা করে গম ছিনিয়ে নেয়ার সময় তারা বাঁধা প্রদান করলে আসামীরা ক্ষিপ্ত হয়ে কর্মকর্তা-কর্মচারীদেরকে মারপিট করে জখম করে। জনাব মোঃ আব্দুল্লাহীল কাফী হাতে থাকা লোহার রড দিয়ে কর নির্ধারক মোঃ সারোয়ার মোর্শেদ-কে মাথায় আঘাত করে গুরুতর জখম করে। এ সময় আসামীরা সরকারি ভি.জি.এফ এর ১০ বস্তা (৫০০ কেজি) গম ছিনিয়ে নিয়ে যায়; এবং

যেহেতু, বর্ণিত মামলায় তদন্ত শেষে প্রাথমিক সত্যতার ভিত্তিতে গোদাগাড়ী মডেল থানায় দায়েরকৃত মামলা নং-২৯, তারিখ: ২৪-০৬-২০১৭ এর অভিযোগপত্র নং ২৩২, তারিখ ০৬-০৭-২০১৭ বিজ্ঞ চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, রাজশাহী বরাবর দাখিল করা হয় এবং আসামী জনাব মোঃ আব্দুল্লাহীল কাফী সহ ১৮ জন আসামীর বিরুদ্ধে অভিযোগপত্রটি বিজ্ঞ আদালত কর্তৃক ১৭-০৭-২০১৭ইং তারিখে গৃহীত হয়েছে; এবং

যেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩১ এর উপ-ধারা (১) মোতাবেক "........যে ক্ষেত্রে পৌরসভার মেয়র এর বিরুদ্ধে ফৌজদারী মামলার অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হইয়াছে, সেই ক্ষেত্রে নির্ধারিত কর্তৃপক্ষের বিবেচনায় মেয়র অথবা কাউন্সিলর কর্তৃক ক্ষমতা প্রয়োগ পৌরসভার স্বার্থের পরিপন্থি অথবা প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন না হইলে, সরকার লিখিত আদেশের মাধ্যমে মেয়র বা কাউন্সিলরকে সাময়িকভাবে বরখাস্ত করিতে পারিবে।"

যেহেতু, আইনশৃঙ্খলা বিঘ্নকারী অপরাধের গুরুতর অভিযোগে অভিযুক্ত আসামী মোঃ আব্দুল্লাহীল কাফী কর্তৃক কাউন্সিলর হিসেবে দায়িত্ব পালন করা হলে পৌরসভায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারী এবং পৌরসভার সেবা গ্রহণকারী সাধারণ নাগরিকদের মধ্যে আতঙ্ক ও ভীতির সঞ্চার হতে পারে এবং গুরুত্বপূর্ণ সাক্ষীগণের সাক্ষ্য প্রভাবিত হওয়ার যৌক্তিক আশংকা রয়েছে। এ প্রেক্ষিতে তাঁর কর্তৃক কাউন্সিলরের ক্ষমতা প্রয়োগ পৌরসভার স্বার্থের পরিপন্থি এবং জনপ্রতিনিধি হিসেবে জনসেবায় নিয়োজিত থাকা প্রশাসনিক দৃষ্টিকোণ থেকে সমীচীন নয় মর্মে প্রতীয়মান হয়েছে বিধায় তাঁকে কাউন্সিলর এর পদ থেকে সাময়িকভাবে বরখাস্ত করা প্রয়োজন।

সেহেতু, রাজশাহী জেলাধীন কাকনহাট পৌরসভার ৩নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ আব্দুল্লাহীল কাফী-কে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩১ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

**এ. কে. এম আনিছুজ্জামান**
সহকারী সচিব।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-৫ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৩ ভাদ্র ১৪২৪/২৮ আগস্ট ২০১৭

**নং ০৫.০০.০০০০.১৮৪.২৭.০০৩.১৬ (বিমা)-৪৩৩**—যেহেতু, জনাব এস.এম জাহাঙ্গীর হোসেন (পরিচিতি নং ১৫৮৩৮), প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার, বারহাট্টা, নেত্রকোণা বর্তমানে সিনিয়র সহকারী সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বারহাট্টা উপজেলার উপজেলা নির্বাহী অফিসার হিসেবে কর্মরত থাকাকালে সহকারী কমিশনার (ভূমি) এর অতিরিক্ত দায়িত্ব পালনকালে প্রকাশিত গেজেট অনুযায়ী প্রত্যার্পণযোগ্য 'ক' তফসিলভুক্ত সম্পত্তি সংশ্লিষ্ট ভি.পি সহকারীর যাচাই বাছাই ব্যতিরেকেই বিধি বহির্ভূতভাবে নামজারি ও জমাখারিজ করে খতিয়ান পর্চায় স্বাক্ষরপূর্বক ডি.সি.আর প্রদান করা স্বীয় কর্মস্থল হতে অবমুক্তির পূর্বে ভি.পি সহকারী কর্তৃক যাচাই বাচাই ব্যতীত ৩৮ (আটত্রিশ)টি নামজারি ও জমাখারিজ মোকদ্দমা নথির অনুমোদন করা, হঠকারিতার আশ্রয় নিয়ে কারণ দর্শানোর জবাবের সহিত নামজারি ও জমাখারিজ মোকদ্দমা বাতিলের আদেশের ফটোকপি প্রেরণ করার অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) ও ৩ (ডি) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ (Misconduct)" এবং "দুর্নীতিপরায়ণ (Corrupt)"-এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের গত ১০-১০-২০১৬ তারিখের ০৫.০০.০০০০. ১৮৪.২৭.০০৩.১৬ (বিমা)-৫৩৯ নম্বর স্মারকমূলে কৈফিয়ত তলব করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানি চান কিনা তা জানতে চাওয়া হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর আলোকে গত ৩০-১০-২০১৬ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করলে গত ২৯-১১-২০১৬ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। উভয় পক্ষের বক্তব্য, অভিযুক্তের জবাব, বিভাগীয় মামলার সংশ্লিষ্ট নথি ও আনুষঙ্গিক কাগজপত্র পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তা প্রকাশিত গেজেট অনুযায়ী প্রত্যর্পণযোগ্য 'ক' তফসিলভুক্ত সম্পত্তি সংশ্লিষ্ট ভি.পি সহকারীর যাচাই বাছাই ব্যতিরেকেই বিধি বহির্ভূতভাবে নামজারি ও

জমাখারিজ করে খতিয়ান পর্চায় স্বাক্ষরপূর্বক ডি.সি আর প্রদান করা, স্বীয় কর্মস্থল হতে অবমুক্তির পূর্বে ভি.পি সহকারী কর্তৃক যাচাই বাছাই ব্যতীত ৩৮ (আটত্রিশ)টি নামজারি ও জমাখারিজ মোকদ্দমা নথির অনুমোদন করা, হঠকারিতার আশ্রয় নিয়ে কারণ দর্শানোর জবাবের সহিত নামজারি ও জমাখারিজ মোকদ্দমা বাতিলের আদেশের ফটোকপি প্রেরণ করার অভিযোগ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ (Misconduct)" পর্যায়ভুক্ত অপরাধ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনা করে এ মন্ত্রণালয়ের ৩০-১১-২০১৬ তারিখের ০৫.০০.০০০০.১৮৪.২৭.০০৩.১৬ (বিমা)-৬২০ নং প্রজ্ঞাপনমূলে একই বিধিমালার ৪(২)(বি) বিধি অনুযায়ী তার ২ (দুই) টি বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী ২ (দুই) বছরের জন্য স্থগিত রাখার লঘুদণ্ড প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত লঘুদন্ডাদেশ মওকুফের নিমিত্ত মহামান্য রাষ্ট্রপতি সমীপে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী আপিল আবেদন করেন। তার আপিল আবেদনের বিষয়ে মহামান্য রাষ্ট্রপতি সমীপে সানুগ্রহ সিদ্ধান্ত প্রদানের জন্য উপস্থাপন করা হলে নিম্নরূপ সিদ্ধন্ত প্রদান করেন;

"আপিলকারীর আবেদন বিবেচনা করে তাকে প্রদত্ত ২(দুই)টি বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী ২(দুই) বছরের জন্য স্থগিত রাখার দন্ড হ্রাস করে ১টি বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী ১(এক) বছরের জন্য স্থগিত করার দন্ড প্রদান করা হল"।

সেহেতু, জনাব এস.এম জাহাঙ্গীর হোসেন (পরিচিতি নং-১৫৮৩৮), প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার, বারহাট্টা, নেত্রকোণা বর্তমানে সিনিয়র সহকারী সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর বিরুদ্ধে আরোপিত এ মন্ত্রণালয়ের ৩০-১১-২০১৬ তারিখের ০৫.০০.০০০০.১৮৪.২৭.০০৩.১৬(বিমা) -৬২০ নং প্রজ্ঞাপনমূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৪(২)(বি) অনুযায়ী তার ২(দুই)টি বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী ২ (দুই) বছরের জন্য স্থগিত রাখার লঘুদন্ডের পরিবর্তে তার ১টি বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী ১(এক) বছরের জন্য স্থগিত করার দন্ড প্রদান করা হলো। ভবিষ্যতে তিনি কোন বকেয়া সুবিধাদি প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

---

**অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ**
**প্রবিধি অনুবিভাগ**
**প্রবিধি শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩ আগস্ট ২০১৭/১৯ শ্রাবণ ১৪২৪

নং **০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৩-৭৪**—অর্থ বিভাগের ১-২-২০১৬ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৩-০৮ নং প্রজ্ঞাপন এবং ১১-৭-২০১৬ তারিখের ০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৩-৭২ নং পত্রের ধারাবাহিকতায় উল্লেখ্য যে, শতভাগ পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত কর্মচারীগণের মৃত্যুর পর তাদের বিধবা স্ত্রী ও প্রতিবন্ধী সন্তান আজীবন এবং বিপত্নীক স্বামী সর্বাধিক ১৫ (পনের) বছর (শতভাগ পেনশন সমর্পণকারী কর্মচারীর অবসর গ্রহণের তারিখ হতে মোট ১৫ (পনের) বৎসর মেয়াদ পূর্তির কোন সময় অবশিষ্ট থাকলে শুধুমাত্র উক্ত সময় পূর্তি পর্যন্ত মাসিক চিকিৎসা ভাতা ও বছরে ২টি উৎসব ভাতা প্রাপ্য হবেন। তবে পুনরায় বিবাহ বন্ধনে আবদ্ধ হলে বিধবা স্ত্রী/বিপত্নীক স্বামী এ সুবিধা প্রাপ্য হবেন না। শতভাগ পেনশন সমর্পণকারীগণ শতভাগ পেনশন সমর্পণ না করলে যে পরিমাণ মাসিক নীট পেনশন প্রাপ্য হতেন তার ভিত্তিতে উৎসব ভাতার পরিমাণ নির্ধারিত হবে।

২। উক্ত সুবিধা ০১-০২-২০১৬ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

৩। অর্থ বিভাগের ০১-০২-২০১৬ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন নং ০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৩-০৮ এবং ১১-৭-২০১৬ তারিখের পত্র নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৩-৭২-এর পরিপ্রেক্ষিতে শতভাগ পেনশন সমর্পণকারীর বিধবা স্ত্রী/বিপত্নীক স্বামী ০১-০২-২০১৬ তারিখের পূর্বের কোন চিকিৎসা ভাতা/উসব ভাতা উত্তোলন করে থাকলে তা তাদের পরবর্তীকালে প্রাপ্য চিকিৎসা ভাতা/উৎসব ভাতা হতে সমন্বয়যোগ্য হবে।

৪। এ বিষয়ে অর্থ বিভাগের ১৮-০৭-২০০১ খ্রিঃ তারিখের অম/অবি/বিধি-১/৩পি-৯৮/৯০২ সংখ্যক পত্রটির কার্যকারিতা ০১-০২-২০১৬ তারিখ হতে বাতিল বলে গণ্য হবে।

**মোঃ শাহজাহান**
যুগ্ম সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ, ১৭ আগস্ট ২০১৭

নং **বিচার-৭/২এন-১৬/০২-৬৮৯**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ আবুল বাশার, পিতা মোঃ সাদিকুল ইসলাম, মাতা বিউটি বেগম, গ্রাম গোবিন্দপুর, ডাকঘর ইউসুফপুর, উপজেলা চারঘাট, জেলা রাজশাহী। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রাজশাহী জেলার চারঘাট উপজেলার ১ নং ইউসুফপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/ স্থিতিবস্থা থাকলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

তারিখ, ২২ আগস্ট ২০১৭

নং **বিচার-৭/২এন-৮৭/৮৭-৭১৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব আলহাজ্ব মোঃ সাইফুল ইসলাম, পিতা মোঃ আবু বকর সিদ্দিক, মাতা মৃত আছিয়া খাতুন, গ্রাম সবুজপাড়া, ডাকঘর রৌমারী, উপজেলা রৌমারী, জেলা কুড়িগ্রাম। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুড়িগ্রাম জেলার রৌমারী উপজেলার ৪ নং রৌমারী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

তারিখ, ২৩ আগস্ট ২০১৭

নং **বিচার-৭/২এন-৩৩/২০০৫-৭২৯**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ মনিরুজ্জামান পিতা মোঃ আবু হাসমত বেপারী, মাতা রাহেলা বেগম, গ্রাম লক্ষীকোল, ওয়ার্ড নং-০১, ডাকঘর লক্ষীকোল, রাজবাড়ী পৌরসভা, উপজেলা সদর, জেলা রাজবাড়ী। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রাজবাড়ী জেলার সদর পৌরসভার ১,২ ও ৩ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

নং **বিচার-৭/২এন-৮৩/০৪(অংশ)-৭৩০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ মেহেদী হাসান নোমান, পিতা এ. কে. এম তাইয়েবে, মাতা আয়শা চৌধুরী, গ্রাম বিশারদ, ডাকঘর সাহেবের হাট, উপজেলা বরিশাল সদর, জেলা বরিশাল। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বরিশাল জেলার সদর উপজেলার ০৯ নং টুঙ্গিবাড়ীয়া ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

তারিখ, ২৪ আগস্ট ২০১৭ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-১৪/২০০২-৭৩১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজান্ত্রী বাংলাদেশ সরকার সন্তষ্ট হইয়া আপনাকে জনাব এম, এমরান হোসেন, পিতা-মোঃ এনায়েত হোসেন, মাতা-মোছাঃ ফতেমা বেগম, গ্রাম-আলতাপোল, ডাকঘর-কেশবপুর, উপজেলা-কেশবপুর, জেলা-যশোর। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত প্রদ্ধতিতে যশোর জেলার কেশবপুর পৌরসভার ৪,৫,৬,৭,৮, ও ৯ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্রি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরুপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জি, এম, নাজমুছ শাহাদাৎ**
সিনিয়র সহকারী সচিব।

## গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
## প্রশাসন-৬ শাখা
## প্রজ্ঞাপন

তারিখ, ০২ ভাদ্র ১৪২৪ বাং/ ১৭ আগস্ট ২০১৭ ইং

**নং ২৫.০০.০০০০.০১৯.০৩.০২.৯৭(অংশ)/৪৭৪**—খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ অধ্যাদেশ ১৯৬১ এর ৪(১)(জি) উপ ধারা মোতাবেক খুলনা চেম্বার অব কর্মাস এন্ড ইন্ডাস্ট্রিজ এর প্রতিনিধি জনাব এম. এ. মতিন, পিতা-এম. এ. হামিদ কে খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের বোর্ড সদস্য হিসেবে সরকার পুনরায় ০১ বছরের জন্য নিয়োগ প্রদান করলেন।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**শ্যামলী নবী**
উপসচিব।

---

## ভূমি মন্ত্রণালয়
## অধিগ্রহণ অধিশাখা-০১
## ঘ-ফরম
## এল এ কেস নং ১১৮/১৯৭৮-৭৯
## সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ

তারিখ, ২৩ আগস্ট ২০১৭

নং **৩১.০০.০০০০.০৪৭.৩৪.০৪৪.১৪-৩৩২**—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুমদখল আইন(১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ০৯-০৫-৭৯ খ্রিঃ তারিখের আদেশ দ্বারা হুকুমদখল করা হইয়াছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুমদখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুমদখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**জমির তফসিল**

জেলা : রংপুর, উপজেলা : গংগাচড়া, মৌজা : মান্দ্রাইন পূর্বপাড়া, জে, এল নং-৫১।

| এস, এ খতিয়ান নং | এস, এ দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) | এস, এ খতিয়ান নং | এস, এ দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|---|---|
| ২০৫ | ১৯ (আংশিক) | ০.০৪ | | ইজা= | ২.১১ |
| ১৬৭ | ২০ (আংশিক) | ০.০৫ | ৩৩৭ | ৪০১(আংশিক) | ০.১৫ |
| ২০৫ | ২১ (আংশিক) | ০.০৪ | ৮৪ | ৪০৪(আংশিক) | ০.২২ |
| ২১৫ | ২৩(আংশিক) | ০.০৬ | ৯৮ | ৭০৩(আংশিক) | ০.০৯ |
| ২১৫ | ২৬(আংশিক) | ০.০২ | ২২৬ | ৭০৫(আংশিক) | ০.০৪ |
| ২১৫ | ২৮(আংশিক) | ০.০৩ | ১১৭ | ৭০৬(আংশিক) | ০.২০ |
| ২১৫ | ২৯(আংশিক) | ০.০৯ | ১৮০ | ৭০৮(আংশিক) | ০.১০ |

| এস, এ খতিয়ান নং | এস, এ দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) | এস, এ খতিয়ান নং | এস, এ দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|---|---|
| ৮৫ | ৩০(আংশিক) | ০.০৬ | ২৪৪ | ৭০৯(আংশিক) | ০.১০ |
| ১৮৫ | ৩১(আংশিক) | ০.০৯ | ১৪৫ | ৭১১(আংশিক) | ০.০১ |
| ১৮৫ | ৩২(আংশিক) | ০.১৮ | ১৩০ | ৭৩৫(আংশিক) | ০.০৩ |
| ১১৩ | ৩৩(আংশিক) | ০.০৫ | ১২৬ | ৭৩৬(আংশিক) | ০.০২ |
| ২০৫ | ৯৬(আংশিক) | ০.১৯ | ১২৬ | ৭৩৭(আংশিক) | ০.১২ |
| ২০৫ | ৯৭(আংশিক) | ০.০১ | ১১৭ | ৭৩৮(আংশিক) | ০.১৫ |
| ২১৪ | ১৩৩(আংশিক) | ০.০১ | ১১৭ | ৭৪০(আংশিক) | ০.১৪ |
| ২১৪ | ১৩৪(আংশিক) | ০.০৮ | ২৭৩ | ৭৪১(আংশিক) | ০.১৮ |
| ২১৪ | ১৩৫(আংশিক) | ০.১২ | ২৮৪, ২৮৫ | ৭৪২(আংশিক) | ০.১৩ |
| ২১৪ | ১৩৬(আংশিক) | ০.১৫ | ২৯ | ৭৪৩(আংশিক) | ০.০৮ |
| ২১৪ | ১৩৭(আংশিক) | ০.০৪ | ২৭১ | ৭৪৯(আংশিক) | ০.০১ |
| ১০০ | ২৮৬(আংশিক) | ০.০৪ | ২৭০ | ৭৫০(আংশিক) | ০.১৪ |
| ১২৩ | ৩০৬(আংশিক) | ০.১৩ | ০৩ | ৭৫৫(আংশিক) | ০.০৫ |
| ২৬৫ | ৩০৭(আংশিক) | ০.০৭ | ০২ | ৭৫৬(আংশিক) | ০.১৬ |
| ২১৩ | ৩৪০(আংশিক) | ০.০৮ | ২৭০ | ৭৫৭(আংশিক) | ০.০৫ |
| ২১৩ | ৩৪১(আংশিক) | ০.০২ | ৩৪৯ | ৯৯১(আংশিক) | ০.১০ |
| ১৭১ | ৩৪৩(আংশিক) | ০.২০ | ৩৫০ | ৯৯২(আংশিক) | ০.১০ |
| ২১০ | ৩৪৪(আংশিক) | ০.০১ | ১৩১ | ৯৯৩(আংশিক) | ০.০৭ |
| ৩৪৩ | ৩৭২(আংশিক) | ০.১৭ | ২৩৬ | ৯৯৪(আংশিক) | ০.১০ |
| ৩২৪, ৩২৭, ৩৪৩ | ৩৭৩(আংশিক) | ০.০২ | ৮৪ | ১০০৫ (আংশিক) | ০.১৫ |
| ৩৩২ | ৩৯৮(আংশিক) | ০.০৬ | ৩৩২ | ১০১৩ (আংশিক) | ০.০৭ |
| | মোট= | ২.১১ | | মোট= | ৪.৮৭ |

অধিগ্রহণকৃত জমির নকশা জেলা প্রশাসকের কার্যালয় রংপুর এর ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যাইতে পারে।

**মির্জা তারিক হিকমত**
উপসচিব।

---

## এলএ কেস নং-৩৯/১৯৬৭-৬৮
## ঘ-ফরম
## সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ

তারিখ, ২৩ আগস্ট ২০১৭ খ্রিঃ

নং **৩১.০০.০০০০.০৪৭.৩৪.০৭৮.১৪-৩৩৩**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত বম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ১৩-০২-১৯৬৮ খ্রিঃ তারিখে আদেশ দ্বারা হুকুমদখল করা হইয়াছে;

এবং যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুমদখলের আওতাধীন রহিয়াছে এবং

যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

সেহেতু উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুমদখলকৃত সম্পত্তি/সম্পতিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**তফসিল**

মৌজা: ৬৭ নং আড়িগাঁও, থানা: শরীয়তপুর সদর, জেলা: শরীয়পুর।

| খতিয়ান নং (এসএ) | দাগ নং (এসএ) | দাগে মোট জমির পরিমাণ (একরে) | হুকুম দখল/অধিগ্রহণ জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| ৫৭ | ২৫৮ | ০.৩৭ | ০.০১ |
| ৫০ | ২৫৯ | ০.৫১ | ০.০৫ |
| ২৩ | ২৬০ | ২.১০ | ১.০৮ |
| ৪৮ | ২৬১ | ০.১৬ | ০.০৩ |
| ৪৮ | ২৬২ | ০.২০ | ০.০২ |
| ১৪ | ২৬৫ | ০.৬২ | ০.১০ |
| ১৪ | ২৭২ | ০.৫১ | ০.১৭ |
| ৪৮ | ২৭৪ | ০.৫৭ | ০.৪২ |
| ৪৮ | ২৭৫ | ০.৩৫ | ০.৩২ |
| ৪৮ | ২৭৬ | ০.৪৩ | ০.৪০ |
| ২৩ | ২৭৮ | ০.৪০ | ০.৩০ |
| ৬১ | ২৯৪ | ০.৪০ | ০.০৯ |
| ৬৮ | ২৯৫ | ০.৫৪ | ০.১১ |
| ৬৮ | ২৯৭ | ০.০৪ | ০.০৪ |
| ৬৯ | ২৯৮ | ০.৫৬ | ০.২৪ |
| ৬৪ | ৩০০ | ০.৩২ | ০.২৪ |
| ৬৪,৬৭ | ৩০৫ | ০.৪২ | ০.৩৭ |
| ৭৩ | ৩০৭ | ০.১৩ | ০.১১ |
| ৭৩ | ৩০৮ | ০.৫৩ | ০.৬৬ |
| ৬১ | ৩১৪ | ০.০৮ | ০.০২ |
| ৬১ | ৩৩০ | ০.৪০ | ০.২৮ |
| ৬১ | ৩৩১ | ০.১১ | ০.০৯ |
| ৬৪ | ৩৩৫ | ০.১৪ | ০.০২ |
| ৬৪/৬৭ | ৩৩৬ | ০.১১ | ০.০৮ |
| ৭৫ | ৩৪৩ | ১.০৫ | ০.২২ |
| ৪৮ | ২৭৩ | ০.২৪ | ০.২৪ |
| ৪৮ | ২৭৭ | ০.১০ | ০.১০ |
| ২৩ | ২৭৯ | ০.৩৪ | ০.৩৪ |
| ২৩ | ২৮৩ | ০.০৬ | ০.০৬ |
| ২৩ | ২৮৪ | ০.১২ | ০.১২ |
| ৬৪ | ২৯৯ | ০.০১ | ০.০১ |
| ৬৪ | ৩০১ | ০.০৪ | ০.০৪ |
| ৬৪ | ৩০২ | ০.০২ | ০.০২ |
| ৬৭/৬৪ | ৩০৩ | ০.০৭ | ০.০৭ |

